Please write clearly in block capitals.

Centre number | | | | | | Candidate number | | | | |

Surname ______________________________

Forename(s) ______________________________

Candidate signature ______________________________
I declare this is my own work.

# GCSE
# BENGALI

# H

## Higher Tier Paper 3 Reading

Time allowed: 1 hour

**Materials**
You will need no other materials.

**Instructions**
- You must **not** use a dictionary.
- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Do **not** write outside the box around each page or on blank pages.
- If you need extra space for your answer(s), use the lined pages at the end of this book. Write the question number against your answer(s).
- In **Section A**, answer the questions in **English**.
  In **Section B**, answer the questions in **Bengali**.
  In **Section C**, translate the passage into **English**.
- Do all rough work in this answer book. Cross through any work you do not want to be marked.

**Information**
- The marks for questions are shown in brackets.
- The maximum mark for this paper is 60.

| For Examiner's Use | |
|---|---|
| Question | Mark |
| 1 | |
| 2 | |
| 3 | |
| 4 | |
| 5 | |
| 6 | |
| 7 | |
| 8 | |
| 9 | |
| 10 | |
| 11 | |
| 12 | |
| **TOTAL** | |

Do not write outside the box

## Section A

Questions and answers in **English**.

Answer **all** questions in the spaces provided.

**0 1** **Relationships**

Read this extract from Rabindranath Tagore's *Atithi*.

Write **T** if the statement is **true**.
**F** if the statement is **false.**
**NT** if the statement is **not in the text**.

কাঁঠালিয়ার জমিদার মতিলালবাবু নৌকায় করে সপরিবারে দেশের বাড়িতে যাচ্ছিলেন। মাঝপথে নদীতীরে নৌকা বেঁধে রান্নার আয়োজন করছেন এমন সময় পনেরো-ষোলো বছর বয়সের এক ছেলে এসে জিজ্ঞেস করলো, "বাবু তোমরা যাচ্ছো কোথায়?" মতিলালবাবু উত্তর দিলেন, "কাঁঠালিয়া।"
ছেলেটি বললো, "আমাকে মাঝপথে নন্দীগাঁয়ে নামিয়ে দিতে পারো?"
মতিলালবাবু জিজ্ঞেস করলেন, "তোমার নাম কী?"
ছেলেটি বললো, "তারাপদ।"
ছেলেটির হাসিমাখা মুখ, পরনে একখানা ময়লা ধুতি। মতিলালবাবু তাকে বললেন, "বাবা তুমি স্নান করে এসো। এখানেই খাবে।"
তারাপদ নদীতে স্নান করে আসতেই মতিলালবাবু তাঁর স্ত্রী অন্নপূর্ণার কাছে তারাপদকে নিয়ে গেলেন। অন্নপূর্ণা ছেলেটিকে দেখে স্নেহে উচ্ছসিত হলেন। যথাসময়ে মতিলালবাবু তারাপদকে পাশে বসিয়ে খেতে বসলেন। লজ্জা করে খাচ্ছেনা মনে করে অন্নপূর্ণা তার থালায় এটা-ওটা তুলে দিলেন।

Do not write outside the box

**0 1 . 1** Motilal was the Zamindar of his own village. **[1 mark]**

**0 1 . 2** Motilal parked the boat on the riverside to have a bath. **[1 mark]**

**0 1 . 3** Tarapada asked what time they would reach Nandigaon. **[1 mark]**

**0 1 . 4** Tarapada was wearing a new dhoti and looked sad. **[1 mark]**

**0 1 . 5** Motilal invited Tarapada to have a meal together after he finished his bath. **[1 mark]**

**0 1 . 6** When Tarapada was introduced to Motilal's wife, she was anxious. **[1 mark]**

**0 1 . 7** Motilal's wife served Tarapada with food thinking he was feeling shy. **[1 mark]**

7

**Turn over for the next question**

Do not write outside the box

**0 2** **A wedding invitation**

Read the following letter from Lilly about a wedding she is going to attend.

হ্যালো,
আমি আমার ছোটোবেলার বান্ধবী শাওনের বিয়েতে ঢাকায় যাচ্ছি। সে যে হঠাৎ করে বিয়ে করার সিদ্ধান্ত নেবে তা আমি বিশ্বাস করতে পারছি না। গত বছর কলেজ থেকে শিক্ষা সফরে গিয়ে ছেলেটির সাথে শাওনের দেখা হয় এবং তারা একে অন্যের প্রেমে পড়ে। কয়েক মাসের মধ্যেই তারা বিয়ে করার সিদ্ধান্ত নেয়।
বিয়ের অনুষ্ঠানটি শহরের বাইরের একটি পাঁচতারা হোটেলে অনুষ্ঠিত হবে। সেখানে দেশি-বিদেশি রকমারি খাবার পরিবেশনের সাথে সাথে সারারাত ধরে চলবে উপজাতিদের নাচ। যাইহোক, শাওনকে বিয়ের সুন্দর পোশাকে দেখার জন্য আমার আর তর সইছে না।
ভালো থেকো।
লিলি

Answer the questions in **English**.

**0 2 . 1** What has surprised Lilly?

**[1 mark]**

______________________________________________

______________________________________________

**0 2 . 2** How did Shaon meet her future husband?

**[1 mark]**

______________________________________________

______________________________________________

**0 2 . 3** Where will the wedding ceremony take place?

**[1 mark]**

______________________________________________

______________________________________________

*Do not write outside the box*

**0 2 . 4** What arrangements will there be? Give **two** details.

**[2 marks]**

1 ____________________________________________

2 ____________________________________________

5

**Turn over for the next question**

Do not write outside the box

**0 3** **Social media**

Read these Bengali teenagers' thoughts on the impact of social media in their lives.

**Ajay**

একটি মুঠোফোনেই যেন আধুনিক পৃথিবী চলছে। মুঠোফোন ছাড়া জীবন কল্পনা করা আমার পক্ষে অসম্ভব। প্রতিদিন ঘুম থেকে ওঠার পর নাশতা না করেই প্রথমে মুঠোফোনের টুইটারে আমার জন্য কোনো বার্তা আছে কি না তা দেখে নেই। আমার বন্ধুরা কে কী করছে সেসব জানার জন্যও আমি তাদের সাথে নিয়মিত টুইটারে যোগাযোগ করি এবং মাঝেমাঝে ছবিরও আদান-প্রদান করি।

**Mina**

ল্যাপটপ ছাড়া আমার একদম চলে না। রোজকার লেখাপড়া ও স্কুলের প্রজেক্ট শেষ করার জন্য আমার ইন্টারনেট ব্যবহার করতে হয়। তাই এটা আমার নিত্যদিনের সঙ্গী। অনেক সময় ক্লাসরুমের বোর্ড থেকে বাংলার হোমওয়ার্ক খাতায় লেখার সময়ও পাই না। তবে আমার সহপাঠীরা ফেইসবুকে সেগুলো পাঠালে আমি ল্যাপটপে দেখে নেই।

**Shuvo**

আমার বাবা-মা মনে করেন যে সামাজিক মাধ্যমের অত্যধিক ব্যবহারে তরুণদের স্বাস্থ্যের ক্ষতি হয় এবং তাদের লেখাপড়ার মূল্যবান সময়ের অপচয় হয়। তাই তাঁরা আমাকে ফেইসবুক ব্যবহার করতে নিষেধ করেছেন। বাবা-মা আমাকে কম্পিউটার ব্যবহার করার যতোটা সময় নির্ধারণ করে দিয়েছেন আমি ততোটাই ব্যবহার করি। তবে শনি-রবিবারে রাতে খাওয়াদাওয়ার পর আমি সামাজিক মাধ্যমে অল্প সময়ের জন্য ঢুকতে পারি।

Do not write outside the box

Match the following questions to the correct person.

Write **A** for **Ajay**
**M** for **Mina**
**S** for **Shuvo**.

Write the first letter of the correct name in each box.

**0 3 . 1** Who checks social media posts in the morning? **[1 mark]**

**0 3 . 2** Who has had their access to social media restricted? **[1 mark]**

**0 3 . 3** Who uses social media for learning? **[1 mark]**

**0 3 . 4** Who is heavily dependent on their mobile phone? **[1 mark]**

**0 3 . 5** Whose parents think that the use of social media has a negative impact on teenagers? **[1 mark]**

**5**

**Turn over for the next question**

Do not write outside the box

**0 4** **A television programme**

Read this article from a Bengali magazine about a television programme.

আগামী বছর, বাংলা টেলিভিশন অনুষ্ঠান, "তরুণ নৃত্য-প্রতিভার খোঁজ"– গত বছরের চেয়ে ভিন্ন ও সম্পূর্ণ নতুন ভাবে উপস্থাপন করা হবে। এই অনুষ্ঠানে একজন নতুন উপস্থাপিকা মডেল মাহিন থাকবেন। তাছাড়া, জাতীয় নৃত্যকলা একাডেমীর নৃত্য শিক্ষিকা লায়লা বানুও আগামী বছর বিচারকের পদে বহাল থাকবেন। এবারে প্রতিযোগীদের সংখ্যা বেড়ে বিশজন হবে এবং তারা দশটি জোড়ায় বিভক্ত হয়ে নৃত্যকলা প্রদর্শন করবে।

প্রোগ্রামটি টিভি এবং ইউটিউবে প্রচারিত হবে। জনগণ কোনও অ্যাপ ব্যবহার করে ভোট দেবে, আগের মতো ফোনের মাধ্যমে নয়। সবচেয়ে বেশি ভোট পেয়ে যে বিজয়ী হবে সে পাবে একটি সোনার কলম। দ্বিতীয় স্থান অধিকারী পাবে একটি টেলিভিশন। তৃতীয় স্থান অধিকারী পাবে একটি মুঠোফোন।

Write the correct letter in each box.

**0 4 . 1** Next year the programme will be...

| | |
|---|---|
| **A** | partly different. |
| **B** | the same as before. |
| **C** | completely different. |

☐ **[1 mark]**

**0 4 . 2** Maheen and Layla...

| | |
|---|---|
| **A** | worked together on the programme last year. |
| **B** | will work together on the programme next year. |
| **C** | will work together as professional dancers next year. |

☐ **[1 mark]**

Do not write outside the box

**0 4 . 3** The number of participants will be...

| | |
|---|---|
| **A** | the same as last year. |
| **B** | less than last year. |
| **C** | more than last year. |

**[1 mark]**

**0 4 . 4** In the past, the public voted...

| | |
|---|---|
| **A** | by telephone. |
| **B** | online. |
| **C** | using an app. |

**[1 mark]**

**0 4 . 5** The winner will receive...

| | |
|---|---|
| **A** | a television. |
| **B** | a gold pen. |
| **C** | a mobile phone. |

**[1 mark]**

5

**Turn over for the next question**

Do not write outside the box

**0 5** **Teachers**

Read this magazine article about Bengali students' views on teachers.

**Shanta**
আমার শিক্ষকরা বলেন যে তাদের জন্য গতানুগতিকভাবে পড়ানো সর্বাধিক গুরুত্বপূর্ণ। এই ধারণাটি সবক্ষেত্রে সঠিক নয়। কোনো কোনো শিক্ষক আমাদের অসমাপ্ত কাজগুলো শেষ করার জন্য ক্লাসের শেষে স্কুলে থাকতে বাধ্য করেন। তবে আমাদের ওপর বেশি হোমওয়ার্ক চাপিয়ে দিলে লেখাপড়ায় মোটেই আগ্রহ থাকে না।

**Romel**
আমাদের শিক্ষকরা শেখানোর জন্য অনেক কষ্ট করে থাকেন। বেশিরভাগ শিক্ষক ক্লাসের প্রতিটি ছাত্রের ক্ষমতা অনুযায়ী পড়াতে চেষ্টা করেন। পিছিয়ে পড়া ছাত্রদের জন্য অতিরিক্ত সাহায্যেরও ব্যবস্থা করে দেন। আমার মতে, শিক্ষকরা তাই প্রশংসার দাবীদার।

**Rahela**
আমাদের স্কুলে কিছু শিক্ষক আছেন যারা ক্লাসের সব ছাত্রের দিকে দৃষ্টি দিয়ে সুন্দর করে পড়ান এবং ভালোমতো সবাইকে বুঝিয়ে দেন। এতে ছাত্রদের সাথে শিক্ষকের ভালো সম্পর্ক গড়ে ওঠে। তবে কিছু কিছু শিক্ষক ক্লাসে পড়ানোর সময় ছাত্রদের প্রতি যত্নশীল হন না। এটা আমাদের জন্য সত্যিই দুঃখজনক।

**Belal**
আমার শিক্ষকরা আমাদের কাজের মান ভালো না হওয়া পর্যন্ত ধৈর্যসহকারে কাজ করান। তাঁরা আমাদের প্রশ্নের উত্তর দিতে সময় নেন এমনকি আমরা সঠিকভাবে পাঠ বুঝতে পেরেছি কি না সেদিকেও লক্ষ্য রাখেন।

Do not write outside the box

What are these students' opinions about teachers?

Write **P** for a positive opinion.
**N** for a negative opinion.
**P+N** for both a positive and negative opinion.

**0 5 . 1** **Shanta** [ ] **[1 mark]**

**0 5 . 2** **Romel** [ ] **[1 mark]**

**0 5 . 3** **Rahela** [ ] **[1 mark]**

**0 5 . 4** **Belal** [ ] **[1 mark]**

4

**Turn over for the next question**

Do not write outside the box

**0 6** **Healthy living**

Read this blog post about healthy living from a Bengali health website.

আমরা যেসব খাবার খাই সেসবে সম্প্রতি বেশ পরিবর্তন এসেছে। এসব খাদ্যে বেশিরভাগেই ক্রমশ চিনির পরিমাণ কমানো হচ্ছে। কারণ চিনি জাতীয় খাবার খেয়ে লোকজন উচ্চ রক্তচাপ ও ডায়াবিটিস রোগে ভুগছে। তাছাড়া গবেষকরা আশংকা করছেন, ভাত, পাস্তার মতো অতিরিক্ত কার্বোহাইড্রেট জাতীয় খাবার খেয়ে লোকজনের স্বাস্থ্য ঝুঁকিপূর্ণ হচ্ছে।

Answer the questions in **English**.

**0 6 . 1** According to the blog post, what change has occurred in our diet?

**[1 mark]**

________________________________________________________________________

________________________________________________________________________

**0 6 . 2** According to the blog post, how does sugary food affect people's health?

**[1 mark]**

________________________________________________________________________

________________________________________________________________________

**0 6 . 3** According to the blog post, what are the researchers worried about?

**[1 mark]**

________________________________________________________________________

________________________________________________________________________

3

Do not write outside the box

Turn over for the next question

DO NOT WRITE ON THIS PAGE
ANSWER IN THE SPACES PROVIDED

Turn over ▶

Do not write outside the box

**0 7** **Questionnaire**

Your Bengali friend, Zami, has filled in a questionnaire from a teen magazine.

What do you know about him from the answers he has ticked?

**মানুষ হিসেবে তুমি কেমন**

**Example:** তুমি কি পরিবেশ বাঁচাতে আগ্রহী?

| | |
|---|---|
| অনেক | ✓ |
| সামান্য | |
| মোটেই নয় | |

**1** সহপাঠীদের সাথে তোমার সম্পর্ক কেমন?

| | |
|---|---|
| কম | |
| মোটামুটি | |
| দারুণ | ✓ |

**2** স্কুল শেষ করার পর তোমার কী করার ইচ্ছে?

| | |
|---|---|
| উচ্চশিক্ষা নেওয়ার | ✓ |
| বিদেশে বেড়ানোর | |
| এখনো ঠিক করা হয়নি | |

**3** তোমার ভুলের জন্য কেউ তোমার সমালোচনা করলে তুমি কী করো?

| | |
|---|---|
| রেগে গিয়ে প্রতিবাদ করি | |
| তার কথা না শোনার ভান করি | |
| নিজের ভুল শুধরে নেওয়ার চেষ্টা করি | ✓ |

**4** তোমাকে কেউ যদি তার গোপনকথা বলে তুমি তখন কী করো?

| | |
|---|---|
| সেকথা কখনো কাউকে বলি না | ✓ |
| আমার অন্য বন্ধুদের বলি | |
| আমার বাবা-মাকে বলি | |

Do not write outside the box

**Example:** According to the ticked answer, how do you know Zami cares about environmental problems?

**He cares about saving the environment.**

Answer the questions in **English**.

**0 7 . 1** According to the ticked answer, how do you know Zami is friendly?

**[1 mark]**

______________________________________________

**0 7 . 2** According to the ticked answer, how do you know Zami is ambitious?

**[1 mark]**

______________________________________________

**0 7 . 3** According to the ticked answer, how do you know Zami is sensible?

**[1 mark]**

______________________________________________

**0 7 . 4** According to the ticked answer, how do you know Zami is trustworthy?

**[1 mark]**

______________________________________________

**4**

**Turn over for Section B**

Do not write outside the box

## Section B

Questions and answers in **Bengali**.

Answer **all** questions in the spaces provided.

**0 8** বেড়ানো

রবীন্দ্রনাথ ঠাকুরের "দার্জিলিং যাত্রা" গল্পের অংশবিশেষ তুমি পড়ছো।

বেলা তিনটায় শিয়ালদহ থেকে দার্জিলিং-এর ট্রেনে উঠলাম। এই প্রথমবার নিজের চোখে হিমালয় পর্বত দেখবো ভেবে আমার মনে বড়ো আনন্দ হলো। সন্ধ্যে সাতটায় আমরা শামুকদিয়া স্টেশনে পৌঁছলাম। দার্জিলিং যাত্রীদের এই স্টেশনে নেমে জাহাজে পদ্মানদী পার হয়ে অন্য এক ট্রেনে চড়তে হয়। রাতটা আমার ঘুমিয়ে কাটলো। ভোর ছয়টার দিকে শিলিগুড়ি স্টেশনে গাড়ি থামলে আমি চা পান করে নিলাম।

শিলিগুড়ি থেকে উড়োজাহাজ বা বড়ো ট্রেনের বদলে ছোটো কলের ট্রামগাড়িতে চড়ে এক আঁকাবাঁকা পথে পাহাড়ের ওপরে উঠতে লাগলাম। শিলিগুড়ি থেকে পাহাড়ের গা ঘেঁষে আঠারো মাইল দূরে তিনদরিয়া স্টেশনের পথে ট্রামটি সাদা মেঘের মধ্যে দিয়ে চলতে লাগলো। আরও দুই মাইল দূরে কার্সিয়ং স্টেশন। অবশেষে শিলিগুড়ি থেকে আটচল্লিশ মাইল ট্রেনে চড়ে দার্জিলিং শহরে এসে পৌঁছলাম।

প্রতিটি বাক্সে ঠিক অক্ষরটি লেখো।

**0 8 . 1** লেখক দার্জিলিং যাত্রা করলেন...

| | |
|---|---|
| **A** | ভোর পাঁচটায়। |
| **B** | দুপুর তিনটায়। |
| **C** | সন্ধ্যে সাতটায়। |

☐

**[1 mark]**

**0 8 . 2** লেখকের যাত্রা শুরু হলো...

| | |
|---|---|
| **A** | শিয়ালদহ থেকে। |
| **B** | শামুকদিয়া থেকে। |
| **C** | নদী পার হয়ে। |

☐

**[1 mark]**

Do not write outside the box

0 8 . 3 লেখক পাহাড়ে উঠলেন...

| | |
|---|---|
| A | উড়োজাহাজে চড়ে। |
| B | ট্রামে চড়ে। |
| C | বড়ো ট্রেনে চড়ে। |

[1 mark]

0 8 . 4 দার্জিলিং শহরটি...

| | |
|---|---|
| A | তিনদরিয়া থেকে দুই মাইল দূরে। |
| B | শিলিগুড়ি থেকে আঠারো মাইল দূরে। |
| C | শিলিগুড়ি থেকে আটচল্লিশ মাইল দূরে। |

[1 mark]

4

Turn over for the next question

Do not write outside the box

**0 9** **এলাকা**

এলাকা সম্বন্ধে কয়েকজন ছেলেমেয়ের কথা তুমি বাংলা ব্লগে পড়ছো।

| | |
|---|---|
| **মাহিন:** | শহরের বাইরে বলে সিনেমা হলটি আমার এলাকা থেকে অনেক দূরে। গত বছর এই এলাকায় একটি বড়ো শপিং সেন্টার তৈরি করা হয়েছিলো। তবে আগামী বছর ক্রেতাদের জন্য সেখানে গাড়ি রাখার জায়গা করা হবে। |
| **জাহিদ:** | আমাদের এলাকায় লোকজনের থাকার জন্য অনেক বহুতল দালান রয়েছে। মাঝখানে একটি খালি বাড়ি ছিলো। খুব শীঘ্রই সেখানে একটি যুব সঙ্ঘ খোলা হবে। |
| **লিলি:** | আমাদের এলাকায় বেড়ানোর জন্য বিরাট একটি পার্ক আছে। পার্কে একটি চিড়িয়াখানা ছিলো। আগামীতে ওখানে বাচ্চাদের খেলার জায়গা বানানো হবে। |

প্রত্যেক ছেলেমেয়ের এলাকায় কী **ছিলো, আছে** এবং **হবে** তা লিখে নিচের টেবিলটি পূরণ করো।

| | | **ছিলো** | **আছে** | **হবে** |
|---|---|---|---|---|
| **উদাহরণ:** | **মাহিন** | বড়ো শপিং সেন্টার | সিনেমা হল | গাড়ি রাখার জায়গা |
| | **জাহিদ** | | বহুতল ভবন | |
| | **লিলি** | চিড়িয়াখানা | | |

**[4 marks]**

4

Do not write outside the box

**1 0** চ্যারিটির কাজ

চ্যারিটির কাজ সম্বন্ধে লেখাটি তুমি ব্লগে পড়ছো।

আমাদের এলাকায় অনেক চ্যারিটি সংস্থা রয়েছে। যাদের কোনো বাড়িঘর এবং পর্যাপ্ত আর্থিক সংস্থান নেই এমন সব পরিবারগুলোকে তারা সাহায্য করে। তাছাড়া এসব সংস্থা হৃদরোগ বা ক্যান্সার রোগীদের দেখাশোনা করে। প্রতিবছর এলাকার বাসিন্দারা অভাবীদের সাহায্য করার কাজে এসব সংস্থায় যোগ দেয়। নিজনিজ সামর্থমতো আর্থিক সাহায্যের পাশাপাশি প্রত্যেকে তাদের পুরনো কাপড় আর খাবার স্বেচ্ছায় দান করে। বাঙালিদের প্রচলিত কিছু উৎসব উপলক্ষে তারা এই ধরনের কাজ করে। সাহায্যপ্রাপ্ত লোকজনকে চাল, ডাল, ডিম, মাছ, মাংস,  সবজি জাতিয় খাবার দেওয়া হয়। সাহায্য করতে ইচ্ছুক লোকেরও কমতি নেই। কমবয়সী থেকে শুরু করে বয়স্ক বাসিন্দারা সবাই তাদের সাধ্যমতো অভাবীদের দান করে থাকে।

নিচের কোন **চারটি** তথ্য সঠিক? প্রতিটি বাক্সে ঠিক অক্ষরটি লেখো।

| | |
|---|---|
| **A** | চ্যারিটি সংস্থাগুলো এলাকার সব লোকজনকে টাকাপয়সা দিয়ে সাহায্য করে। |
| **B** | স্থানীয় বাসিন্দারা অভাবগ্রস্তদের জামাকাপড় দেয়। |
| **C** | সংস্থাগুলো অভিবাসীদের সহায়তা করে। |
| **D** | অভাবী লোকজনকে নববর্ষের সময় খাবার দেওয়া হয়। |
| **E** | দাতা সংস্থাগুলো বয়স্কদের সাহায্য করে। |
| **F** | দাতা সংস্থাগুলো গৃহহীন ও অসুস্থদের সহায়তা করে। |
| **G** | বাসিন্দারা অভাবীদেরকে ওষুধ দেয়। |
| **H** | স্থানীয় দাতা লোকজন বিভিন্ন বয়সের। |

☐ ☐ ☐ ☐

**[4 marks]**

4

**Turn over ▶**

Do not write outside the box

**1 1** **অন্যদেশে লেখাপড়া ও কাজ করা**

ফেইসবুকে অন্যদেশে লেখাপড়া ও কাজ করা সম্বন্ধে কয়েকজন তরুণ-তরুণীর মতামত পড়ছো।

এক জরীপ অনুসারে যারা বিদেশে লেখাপড়া ও কাজের অভিজ্ঞতা লাভ করে তারা সবসময় নিজের দেশে যারা লেখাপড়া ও কাজ করে তাদের চেয়ে তাড়াতাড়ি ক্যারিয়ার গড়তে পারে। তাদের কাজের মানও অনেক উন্নত হয়

**সোহেল**

কয়েক মাস আগে উচ্চশিক্ষার জন্য আমাকে বিদেশে যেতে হয়েছিলো। তখন অনেক বন্ধু-বান্ধব আমাকে হিংসা করেছিলো। তারা বিদেশকে স্বর্গ মনে করে কারণ একটি উন্নয়নশীল দেশ হওয়া সত্বেও বাংলাদেশে এখনো অনেক সমস্যা রয়েছে। তবে আমি মনে করি, নিজের দেশকে উন্নত করার জন্য আমাদেরও অনেক সুযোগ রয়েছে।

**তৃষা**

আমাদের কৃষি-নির্ভর দেশটি দিনেদিনে প্রযুক্তি-সমৃদ্ধ হতে চলেছে। এক্ষেত্রে আমাদের দেশ-ত্যাগ করে অন্যদেশে ক্যারিয়ার গড়া ঠিক নয়। বরং নিজের দেশের সম্পদ কাজে লাগিয়ে গবেষণা করা দরকার। জনগণকে উপযুক্ত প্রশিক্ষণ দিলে আমাদের বেকার সমস্যা অনেকটা দূর হবে। লোকজনও সুন্দরভাবে বাঁচবে।

**বিপুল**

অন্যদেশে গেলে সেখানকার ভাষা না জানা একটি বড়ো সমস্যা। এতে সেখানে চলাফেরা ও জীবনযাপন অনেক জটিল হয়ে যায়। বিদেশি ভাষায় দুর্বলতার কারণে উচ্চশিক্ষায় অগ্রগতি কম হয় এবং কর্মক্ষেত্রেও নিজের অদক্ষতার প্রতিফলন ঘটে।

**লোপা**

*Do not write outside the box*

কে কোন বিষয়ে মতামত দিয়েছে? সঠিক নাম বেছে নিয়ে বাংলায় সেই নামটি বাক্সে লেখো।

**11.1** ক্যারিয়ার তৈরী [ ] **[1 mark]**

**11.2** ভাষার সমস্যা [ ] **[1 mark]**

**11.3** নিজের দেশের উন্নতির সুযোগ [ ] **[1 mark]**

**11.4** কৃষিক্ষেত্রে গবেষণা [ ] **[1 mark]**

**11.5** অন্যদেশে শিক্ষাগ্রহণে বন্ধুদের মনোভাব [ ] **[1 mark]**

**11.6** বেকারত্ব কমানো [ ] **[1 mark]**

**6**

**Turn over for Section C**

*Do not write outside the box*

## Section C

Translation into **English**.

**1 2** Your English friend has received this message from her Bengali friend in Bangladesh. Your friend has asked you to translate it for him into **English**.

আমি বাবামায়ের একমাত্র সন্তান তাই ওঁদের সাথেই আমাকে থাকতে হয়। তবে আমাদের মধ্যে সম্পর্ক ভালো না। আমি পাঁচবছর ধরে একই বিদ্যালয়ে পড়ছি যা আমার অপছন্দ। লেখাপড়া শেষ করে আমি এই শহর ছেড়ে চলে যেতে চাই কারণ আমি বিশ্ব-ভ্রমণে বের হতে চেয়েছিলাম। এজন্য আমি প্রথমে একটি চাকরী খুঁজবো। গত বছর আমি এক বন্ধুর দোকানে কাজ করেছিলাম। সে আমাকে ভালো বেতন দিয়েছিলো।

**[9 marks]**

9

**END OF QUESTIONS**

*Do not write outside the box*

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

*Do not write outside the box*

| Question number | **Additional page, if required.<br>Write the question numbers in the left-hand margin.** |
| --- | --- |
| | |

*Do not write outside the box*

| Question number | **Additional page, if required. Write the question numbers in the left-hand margin.** |
| --- | --- |
| | |

*Do not write outside the box*

| Question number | **Additional page, if required. Write the question numbers in the left-hand margin.** |
| --- | --- |
| | |

*Do not write outside the box*

| Question number | **Additional page, if required.<br>Write the question numbers in the left-hand margin.** |
| --- | --- |
| | |

Do not write outside the box

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2022 AQA and its licensors. All rights reserved.